দৈনিক ইত্তেফাক

JAN 29 2001

তারিখ ... পৃঃ ...১... কলাম ...৬...

# ভৈরবের একটি বিদ্যালয় ১৪ বছরেও এমপিওভুক্ত হয় নাই

ভৈরব সংবাদদাতা ।। ভৈরব উপজেলার গজারিয়া ইউনিয়নের হাজী জিল্লুর রহমান নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টি বিভিন্ন সমস্যায় জর্জরিত। ১৯৮৭ সালে প্রতিষ্ঠিত এই বিদ্যালয়টি অদ্যাবধি এমপিওভুক্ত হয় নাই। উক্ত বিদ্যালয়ে ৬ জন শিক্ষকসহ মোট ৮ জন কর্মচারী রহিয়াছে। বিদ্যালয়ের সকল কর্মচারী এক যুগেরও বেশী দিন ধরিয়া বিনা পারিশ্রমিকে শ্রম দিয়া আসিতেছে। তাহারা বর্তমানে মানবেতর জীবন-যাপন করিতেছে। বিদ্যালয়টি কবে এমপিওভুক্ত হইবে সেই আশায় কর্মচারীরা দিন কাটাইতেছে। এই বিদ্যালয়ের প্রবেশের একটি মাত্র সড়ক। তাহাও চলাচলের অযোগ্য। ছাত্র-ছাত্রীদের যাতায়াতে দুর্ভোগ পোহাইতে হয়। বিদ্যালয়ের সীমানা প্রাচীর না থাকায় প্রতি বছর বর্ষার প্রবল স্রোতের তোড়ে বিদ্যালয়ের অধিকাংশ জায়গা ভাঙ্গিয়া যায়। ৪ শতাধিক ছাত্রছাত্রীর জন্য প্রয়োজনীয় সংখ্যক ক্লাস রুম, বেঞ্চ, চেয়ার টেবিল ও অন্যান্য আসবাব পত্র নাই।

ডাঃ এইচ, বি, এম ইকবাল এম,পি কর্তৃক নির্মিত তিন কক্ষ বিশিষ্ট ভবনটির দরজা-জানালা ভাঙ্গিয়া গিয়াছে। বিশুদ্ধ পানির জন্য নলকূপ এবং ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের জন্য কোন শৌচাগার নাই। এসব